

ফাতওয়া নম্বর: ২৪০

প্রকাশকাল: ০৫-০৩-২০২২ ইং

তাগুতি আইনে জামিনের আবেদন করার হুকুম কী?

প্রশ্ন:

আমরা জানি, তাগুতের কাছে বিচার চাওয়া বা নিয়ে যাওয়া শিরক।

তাহলে তাগুতি আইনে জামিনের আবেদন করার হুকুম কী?

প্রশ্নকারী- আব্দুল্লাহ

উত্তর:

নিজেকে জুলুম থেকে রক্ষা করার জন্য তাগুতের কাছে জামিনের আবেদন করা নাজায়েয নয়। কারণ, মৌলিকভাবে যদিও তাগুতের কাছে বিচার চাওয়া কুফর, তবে তা নিঃশর্ত নয়। যখন শরীয়াহ বিচার ব্যবস্থা না থাকে, তখন যদি কেউ অনন্যোপায় হয়ে তার ন্যায় অধিকার আদায়ের জন্য বা জুলুম থেকে বাঁচার জন্য তাগুতের শরণাপন্ন হয় এবং শরীয়াহ বিচারই যে উত্তম, তার উপর তার পূর্ণ বিশ্বাস থাকে, তাহলে তা কুফর নয়। উলামায়ে কেরাম এটিকে জায়েয বলেছেন।

বলা বাহুল্য, শত্রুর কবলে পড়ার পর কোনো মাজলুমের জামিনের আবেদন করা, বিচার চাওয়ার অন্তর্ভুক্তও নয়। -মাফহুমুল হাকিমিয়াহ, আব্দুল্লাহ আযযাম রহ. ১২-১৩; মুনতাদাল আসইলাহ, প্রশ্ন নং ৫৭৭, আবু মুহাম্মাদ আলমাকদিসি

فقط، والله تعالى أعلم بالصواب

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৮-০৭-১৪৪৩ হি.

০২-০৩-২০২২ ঈ.

